স্মারক নং-ওয়ামিপ-পিসিইউ/এম-৭/২০০৮/৬০৪ তারিখ ঃ ১৯-১২-১৪২০ বঃ/ ০২-০৪-২০১৪ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

একটি সরকারি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বৈদেশিক সাহায্যপুষ্ট একটি প্রকল্পে জন্য নিম্নবর্ণিত পদে সরকারী বিধি মোতাবেক পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য বেতনে (Consolidated Pay) চুক্তিভিত্তিক নিয়োগের (কেবলমাত্র প্রকল্প চলাকালিন সময় জুন, ২০১৫ পর্যন্ত) নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নোক্ত আবেদনপত্রের ছক অনুযায়ী দরখাস্ত আহবান করা যাইতেছে। নিম্নে পদ অনুযায়ী প্রয়োজনীয় ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য বিবরণ উল্লেখ করা হইল ঃ-

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী বেতনক্রম | পদের সংখ্যা | সাকুল্য বেতন (টাকায়) সর্বনিম্ন ও সর্বোচ্চ | ৩০-০৪-২০১৪ তারিখে বয়স | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | গাড়ীচালক | ১৬ | ০৮ (আট) | ৮১৩৫/- ও ৮৬০৫/- | ১৮-৩০ বৎসর (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর) | কোন স্বীকৃত বোর্ড হইতে এস,এস,সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

## আবেদনপত্রের ছক

(ক) পদের নাম ঃ

(খ) দরখাস্তকারীর নাম ১) বাংলায় ঃ

২) ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ

(গ) পিতার নাম/ স্বামীর নাম ঃ

(ঘ) মাতার নাম

(ঙ) বর্তমান ঠিকানা ঃ

(চ) স্থায়ী ঠিকানা ঃ

(ছ) দুরালাপনী (যদি থাকে) ঃ

(জ) নিজ জেলা ঃ

(ঝ) জন্ম তারিখ ঃ

(ঞ) বয়স (৩০-০৪-২০১৪ তারিখে) ঃ

(ট) জাতীয়তা ঃ

(ঠ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা কি না ঃ

(ড) প্রার্থী উপজাতি কি না ঃ

(ঢ) প্রার্থী এতিমখানার নিবাসী বা শারীরিক প্রতিবন্ধী কিনা ঃ

(ণ) প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্য কিনা ঃ

(ত) শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রমিক নং | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | পাশের সন | প্রাপ্ত বিভাগ/ জিপিএ | প্রধান পাঠ্য বিষয় সমুহ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |

(থ) অভিজ্ঞতার বিবরণ (প্রমানকসহ) ঃ

(দ) ব্যাংক ড্রাফ্ট/ পে-অর্ডার নং ..................টাকার পরিমাণ .............. ব্যাংকের নাম ও শাখা ..............................

(ধ) সংযুক্ত কাগজপত্রের তালিকা ঃ

(ন) আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ ঃ

## শর্তাবলী

১. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত অর্থাৎ জুন, ২০১৫ পর্যন্ত বহাল থাকিবে। প্রকল্প কর্মসূচীর মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে নিয়োজিত কর্মচারীগনের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে। প্রয়োজনবোধে নির্ধারিত সময়ের পূর্বে নিয়োগপ্রাপ্তদের চাকুরী হইতে বিধি মোতাবেক অব্যাহতি দেওয়া যাইবে।

২. আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রের ছক যথাযথ ভাবে পূরণ করতঃ ডাকযোগে আগামী ৩০-০৪-২০১৪ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক এর দপ্তর, ওয়ামিপ-পিসিইউ, ৭/৪ (৫ম তলা), ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় প্রেরণ করিতে হইবে। প্রকল্প পরিচালক এর দপ্তরে সরাসরি কোন আবেদন গ্রহণ করা হইবে না।

৩. আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে ঃ-

(ক) উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা (DD, Dhaka RAC, BWDB, Dhaka) এর অনুকুলে যে কোন সিডিউল ব্যাংক হইতে ২০০/-(দুইশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার।

(খ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি। গাড়ীচালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(গ) নিজ জেলার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত জাতীয়তার সনদপত্র। প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের পিতার/ মাতার পক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট এর সত্যায়িত অনুলিপি।

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা সমাজকল্যাণ অফিসার এর নিকট হইতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি। আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/ জেলা এডজুটেন্ট এর নিকট হইতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি। উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত অনুলিপি ।

৪. প্রার্থীর নিজ জেলার নাম খামের উপর স্পষ্টভাবে লিখিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৫. এই নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরন করা হইবে। তবে কোন কোটার প্রার্থী না পাওয়া গেলে অন্য কোটা হইতে পূরণ করা হইবে। চাকুরীতে চুড়ান্তভাবে নিয়োগের জন্য মেধা ও সরকারি কোটার অগ্রাধিকার ভিত্তিতে বাছাই কমিটি কর্তৃক একটি প্যানেল প্রস্তত করা হইবে এবং ইহার ক্রমানুযায়ী চুড়ান্ত নিয়োগ প্রদান করা হইবে।

৬. ত্রুটিপূর্ণ দরখাস্ত এবং প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমানক সংযুক্ত না থাকিলে দরখাস্ত সরাসরি বাতিল হইবে। মৌখিক / ব্যবহারিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত সকল সনদপত্রের মূল কপি সংগে আনিতে হইবে।

৭. লিখিত পরীক্ষার জন্য বৈধ প্রার্থী তালিকা এবং লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়সূচী এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি ৭/৪ (৫ম তলা), ব্লক-এ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানাস্থ দপ্তরের নোটিশ বোর্ডসহ বাপাউবো ওয়েব সাইট **www.bwdb.gov.bd** এ প্রকাশ করা হইবে। লিখিত পরীক্ষার প্রবেশ পত্র প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হইবে।

৮. বিজ্ঞপ্তিতে জারীকৃত পদসংখ্যা কম অথবা বেশী হইতে পারে। এই ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে।

৯. চুড়ান্তভাবে নিয়োগের জন্য মনোনীত প্রার্থীগণকে চাকুরীতে যোগদানের পূর্বে ৩০০ (তিন) শত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রকল্প কর্তৃক নির্ধারিত শর্তে চুক্তি সম্পাদন করিতে হইবে। চুড়ান্তভাবে নিয়োগ প্রাপ্তদের অত্র প্রকল্পের আওতায় বাংলাদেশের যে কোন স্থানে এবং যে কোন স্কীমে কাজ করার জন্য প্রস্তত থাকিতে হইবে।

১০. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেওয়া হইবে না।

১১. এই নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও অত্র উন্নয়ন প্রকল্পের অথবা কর্মসূচীর কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হইবে। এই বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয় নাই এইরূপ কোন ক্ষেত্রে অথবা চাকুরী সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষ/ সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান প্রযোজ্য হইবে।

প্রকল্প পরিচালক